# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫০]

৫/ সালামের আদব (كتاب السلام)

পরিচ্ছেদঃ **১৩১:** সালাম দেওয়ার গুরুত্ব ও তা ব্যাপকভাবে প্রচার করার নির্দেশ

(131) بَابُ فَضْلِ السَّلاَمِ وَالْأَمْرِ بِإِفْشَائِهِ

আরবী

وَعَنْ الطُّفَيْلِ بنِ أُبَيِّ بنِ كَعبٍ: أنَّه كَانَ يَأتِي عَبدَ اللهِ بنَ عُمَرَ، فَيَغدُو مَعَهُ إِلَى السُّوقِ، قَالَ: فَإِذَا غَدَوْنَا إِلَى السُّوقِ، لَمْ يَمُرَّ عَبدُ الله عَلَى سَقَّاطٍ وَلاَ صَاحِبِ بَيْعَةٍ، وَلاَ مِسْكِينٍ، وَلاَ أحَدٍ إلاَّ سَلَّمَ عَلَيْهِ، قَالَ الطُّفَيْلُ: فَجِئْتُ عَبدَ اللهِ بنَ عُمَرَ يَوْماً، فَاسْتَتْبَعَنِي إِلَى السُّوقِ، فَقُلْتُ لَهُ: مَا تَصْنَعُ بِالسُّوقِ، وَأنْتَ لا تَقِفُ عَلَى البَيْعِ، وَلاَ تَسْأَلُ عَنِ السِّلَعِ، وَلاَ تَسُومُ بِهَا، وَلاَ تَجْلِسُ فِي مَجَالِسِ السُّوقِ ؟ وَأَقُولُ: اجْلِسْ بِنَا هاهُنَا نَتَحَدَّث، فَقَالَ: يَا أَبَا بَطْنٍ ـ وَكَانَ الطفَيْلُ ذَا بَطْنٍ ـ إنَّمَا نَغْدُو مِنْ أجْلِ السَّلاَمِ، فنُسَلِّمُ عَلَى مَنْ لَقِيْنَاهُ . رواه مالك في المُوطَّأ بإسنادٍ صحيح

বাংলা

৬/৮৫৪। তুফাইল ইবনে উবাই ইবনে কা’ব হতে বর্ণিত, তিনি আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু ’আনহু-এর কাছে আসতেন এবং সকালে তাঁর সঙ্গে বাজার যেতেন। তিনি বলেন, ’যখন আমরা সকালে বাজারে যেতাম, তখন তিনি প্রত্যেক খুচরা বিক্রেতা, স্থায়ী ব্যবসায়ী, মিসকীন, তথা অন্য কোন ব্যক্তির নিকট দিয়ে অতিক্রম করার সময় তাকে সালাম দিতেন।’ তুফাইল বলেন, সুতরাং আমি একদিন (অভ্যাসমত) আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু ’আনহু-এর নিকট গেলাম।

তিনি আমাকে তাঁর সঙ্গে বাজারে যেতে বললেন। আমি বললাম, ’আপনি বাজার গিয়ে কী করবেন? আপনি তো বেচা-কেনার জন্য কোথাও থামেন না, কোন পণ্য সম্পর্কে জিজ্ঞাসা করেন না, তার দর-দাম জানতে চান না এবং বাজারের কোন মজলিসে বসেনও না। আমি বলছি, এখানে আমাদের সাথে বসে যান, এখানেই কথাবার্তা বলি।’ (তুফাইলের ভুঁড়ি মোটা ছিল, সেই জন্য) তিনি বললেন, ’ওহে ভুঁড়িমোটা! আমরা সকাল বেলায় বাজারে একমাত্র সালাম পেশ করার উদ্দেশ্যে যাই; যার সাথে আমাদের সাক্ষাৎ হয়, আমরা তাকে সালাম দেই।’ (মুঅত্ত্বা মালেক, বিশুদ্ধ সূত্রে)[1]

## English

(131) Chapter: The Excellence of Promoting Greetings

At-Tufail bin Ubayy bin Ka'b (May Allah be pleased with him) reported:
I used to visit 'Abdullah bin 'Umar (May Allah be pleased with them) in the morning and accompany him to the market. 'Abdullah offered greetings of peace to every one he met on the way, be they sellers of petty goods, traders or poor people. One day when I came to him, he asked me to accompany him to the market. I said to him: "What is the point of your going to the market when you do not sell, nor ask about articles, nor offer a price for them, nor sit down with any company of people. Let us sit down here and talk." He replied: "O Abu Batn (belly)! (Tufail had a large belly), we go to the market to greet everyone we meet."

[Malik].

Commentary: This Hadith highlights `Abdullah bin `Umar's passion for promoting Salam which is a practice of Sunnah. Secondly, we can call a person by his epithetic name provided he is not offended by it.

## ফুটনোট

[1] মুওয়াত্তা মালিক ১৭৯৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 󠁯 বর্ণনাকারীঃ তুফায়ল ইবনু উবাই ইবনু কা‘ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23886

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন